

মহাভারত

পূর্বাভাস। অজানা অন্ধ-করা।
মেঘযন্ত্র।
আলো দৈবধীন।
দৈব কার অধীন, সারথি?
শূন্যপথে চলেছে হরকরা...
ধা-ধিন্, না-তিন্!
দৈবভাস। রথ দ্রুতগতি।
মেঘ খণ্ড খণ্ড
বিচছুরণ।
এক বাণ নির্দিষ্ট জন প্রতি
এক বাণ, এক...
অস্ত্র শেষ, লোকবল শেষ।
গড়াগড়ি খাচ্ছে, ওই দ্যাখ্---
মাঠে, মহারণ।

জয় গোস্বামী

